গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
www.acl.nasirnagar.brahmanbaria.gov.bd

স্মারক নম্বর- ৩১.৪২.১২৯০.০১২.২৭.০০৪.২৬- ৫৮৭

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুলাই ২০২৬

১৪৩৩ বাংলা সনের জন্য খাস আদায়ের প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

নাসিরনগর উপজেলাধীন নিম্ন বর্ণিত ২০ একরের উর্ধ্বে জলমহালের ১৪৩৩ বাংলা সনের অবশিষ্ট সময়ের খাস আদায়ের জন্য জেলা প্রশাসকের কার্যালয় (এস. এ. শাখা), ব্রাহ্মণবাড়িয়া এর গত ১৫ জুন ২০২৬ খ্রি. তারিখের ৩১.৪২.১২০০.০১২.১৪.০০১.২৬-৬৫২(৯) নম্বর স্মারকের পত্রের আলোকে সীলগালা অবস্থায় সরকারি মূল্য উল্লেখপূর্বক আবেদনের মাধ্যমে খাস কালেকশনের নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে আগামী ১৪/০৭/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহ্বান করা হলো।

-:শর্তাবলী:-

১। মা মাছ নিধন করা যাবে না এবং সরকার কর্তৃক নির্ধারিত আকার হতে ছোট কোন মাছ শিকার করা যাবে না।

২। নিলামের ডাক সন্তোষজনক হলে সর্বোচ্চ ডাককারীর বরাবর খাস আদায়ের অনুমতি প্রদান করা যাবে।

৩। ডাক গ্রহীতা ব্যবসা বাণিজ্য বা চলাচলের জন্য স্বাভাবিক নৌ-চলাচলের উপর কোন বিঘ্ন সৃষ্টি করতে পারবেন না এবং জনস্বাস্থ্য হানিকারক কোন কার্যক্রম পরিচালনা করতে পারবেন না।

৪। ডাক গ্রহীতা বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখতে পারবেন না। জলমহালের পাড়ে সামাজিক বনায়নের মাধ্যমে বনজসম্পদ বৃদ্ধি করতে হবে।

৫। প্রাকৃতিকভাবে মাছের বংশ বৃদ্ধির লক্ষ্যে ইজারাকৃত প্রতিটি সরকারি জলমহালের ক্ষেত্রে জলমহালের একটি নির্দিষ্ট স্থানকে নির্ধারণ করতে হবে, যেখানে সারা বছর পানি থাকে এবং মা মাছ নির্বিঘ্নে ডিম ছাড়তে পারে এবং কোন অবস্থাতেই ঐ নির্দিষ্ট স্থানে মাছ ধরার জন্য জাল টানা যাবে না।

৬। কর্তৃপক্ষ যে কোন সময় ইজারা বাতিল ও গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭। নিলাম ডাক শেষ হওয়ার সাথে সাথে সর্বোচ্চ ডাককারীকে ডাকের অর্ধেক টাকা জমা দিতে হবে এবং অবশিষ্ট অর্থ নিলাম ডাকের ০৩ (তিন) দিনের মধ্যে জমা দিতে হবে। উক্ত ০৩ (তিন) দিনের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।

ইজারাবিহীন জলমহালের নাম

ক্র.নং	জলমহালের নাম মৌজা ও আয়তন	সরকারী ইজারামূল্য	মন্তব্য
০১	বিল চাচুয়া মেদির হাওর মৌজা:- বুড়িশ্বর, নাসিরনগর, শ্রীঘর আয়তন:- ২৫.২৩ একর	৫,১৯,৯৩০/-	

০৭/০৭/২৬

সাহেল আহমেদ
সহকারী কমিমনার (ভূমি)
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
aclandnasirnagar@gmail.com

স্মারক নম্বর- ৩১.৪২.১২৯০.০১২.২৭.০০৪.২৬-

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুলাই ২০২৬

অনুলিপি:

০১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা , জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। (স্বশরীরে উপস্থিত থাকা এবং নোটিশ বোর্ডে প্রদর্শন ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা

CamScanner

হলো)

০৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, নাসিরনগর সদর, ফান্দাউক,ও বুড়িশ্বর ব্রাহ্মণবাড়িয়া। (স্বশরীরে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)

০৬। উপসহকারী কৃষি কর্মকর্তা, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। (কমপক্ষে দুই জন কর্মকর্তা/ কর্মচারীকে স্বশরীরে উপস্থিত থাকা এবং নোটিশ বোর্ডে প্রদর্শন ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০৭। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, নাসিরনগর সদর, ফান্দাউক ও বুড়িশ্বর, ইউনিয়ন ভূমি অফিস, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। (স্বশরীরে উপস্থিত থাকা, ঢোল সহরতের মাধ্যমে হাট-বাজার ও জনসমাগম স্থানে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং প্রচার শেষে জারির প্রতিবেদন অত্রাফিসে প্রেরণ করার জন্য বলা হলো।)

০৬। নোটিশ বোর্ড।

০৩/০৯/২৬

সহকারী কমিশনার (ভূমি)
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner